

বান্দাহ যখন বলে, আলহামদুলিল্লাহ, আল্লাহ তায়ালা জবাব দেন, আমার

বান্দাহ আমার প্রশংসা করলো।

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আজকের আলোচনার বিষয়: "সূরা ফাতিহা"

সালাতে প্রতি রাকাতে সূরা ফাতিহা তেলাওয়াত করতে হয়, এ সূরা তেলাওয়াত না করলে সালাত আদায় হয় না।

এই বিষয় কিছু হাদিস:

- আহমদ ২/২৫০, মুসলিম ১/২৯৫:

যে ব্যক্তি সূরা ফাতিহা তিলাওয়াত করে না, তার সালাত আদায় হয় না।

- মুসলিম ১/২৯৬, নাসাই ৫/১১.১২:

আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত যে, রাসূল (সাঃ) বলেছেন,

আল্লাহ তায়ালা ঘোষণা করেন: আমি সালাতকে আমার ও আমার বান্দাহর মধ্যে অর্ধেক অর্ধেক ভাগ করেছি এবং আমার বান্দাহ আমার কাছে যা চায় তা আমি তাকে দিয়ে থাকি।

বান্দাহ যখন বলে:

أَلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

-আল্লাহর জন্য সমস্ত প্রশংসা যিনি বিশ্বজগতের রব্ব। (১:১)

তখন আল্লাহ বলেন:

حَمِدَنِي عَبْدِي

-আমার বান্দাহ আমার প্রশংসা করলো।

বান্দাহ যখন বলে:

الرَّحْمَنُ الرَّحِيمُ

-যিনি পরম দয়ালু, অতিশয় করুনাময়। (১:২)

আল্লাহ তখন বলেন:

أَنْتَ عَلَيَّ عَبْدِي

আমার বান্দাহ আমার গুণগান করলো।

বান্দাহ যখন বলে:

مَلِكِ يَوْمِ الدِّينِ

-যিনি বিচার দিনের মালিক। (১:৩)

আল্লাহ তখন বলেন:

مَجْدَنِي عَبْدِي

আমার বান্দাহ আমার শ্রেষ্ঠত্ব বর্ণনা করলো।

বান্দাহ যখন বলে:

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ

-আমরা আপনারই ইবাদত করছি এবং আপনারই নিকট সাহায্য চাচ্ছি।

(১:৪)

আল্লাহ তখন বলেন:

هَذَا بَيْنِي وَبَيْنَ عَبْدِي وَلِعَبْدِي مَا سَأَلَ

এটা আমার ও আমার বান্দাহর মধ্যকার কথা, আমার বান্দাহ যা চাইবে
তাই তার জন্য রয়েছে।

বান্দাহ যখন বলে:

أَهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ

-আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন। (১:৫)

صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ

-তাদের পথ, যাদের প্রতি আপনি অনুগ্রহ করেছেন। (১:৬)

غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ

-তাদের পথে নয়, যাদের প্রতি আপনার গজব বর্ষিত হয়েছে, তাদের পথেও
নয় যারা পথভ্রষ্ট হয়েছে। (১:৭)

আল্লাহ বলেন:

هَذَا لِعِبْدِي وَلِعِبْدِي مَا سَأَلَ

এই সবই আমার বান্দাহর জন্য এবং আমার বান্দাহ যা চাইবে তার জন্য তাই
রয়েছে।

প্রিয় ভাই ও বোনেরা,

সূরা "ফাতিহা" সালাতে তেলাওয়াত করার সময় অর্থের দিকে খেয়াল রাখি। এবং
মনে মনে চিন্তা করি আল্লাহ আমার সালাত দেখছেন এবং আমার কথার জবাব
দিচ্ছেন। আল্লাহর জবাবের অর্থের দিকেও খেয়াল রাখি।

আল্লাহ আমাদের সঠিক পথ প্রদর্শন এবং ওই পথের উপর স্থির থাকার তৌফিক
দান করুন।

আমিন।

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।